ভোরের কাগজ

তারিখ FEB. 2. 1999
পৃষ্ঠা ১২ কলাম ১

# শিক্ষা মন্ত্রণালয়ের নিরীক্ষা ও পরিদর্শন অধিদপ্তরে আড়াই মাস ধরে অচলাবস্থা

কাগজ প্রতিবেদক : দীর্ঘ আড়াই মাসেও দেশের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানগুলো পরিদর্শন ও নিরীক্ষার দায়িত্বে নিয়োজিত শিক্ষা মন্ত্রণালয়ে পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের অচলাবস্থা নিরসন হয়নি।

শিক্ষা মন্ত্রণালয়ের এই অধিদপ্তরে কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে পরিচালকের দ্বন্দ্বের কারণে গত ২৩ নভেম্বর থেকে এই অচলাবস্থা চলছে। কর্মচারীদের আন্দোলনের কারণে অধিদপ্তরের পরিচালক অধ্যাপক আতাহার আলী দেওয়ানের অনুরোধে গত ২৯ নভেম্বর থেকে অধিদপ্তরে পুলিশ অবস্থান করছে।

ইতিমধ্যেই ঘটনা সম্পর্কে শিক্ষা মন্ত্রণালয় দুদফা তদন্ত করেছে। প্রথম দফা তদন্ত করেন শিক্ষা মন্ত্রণালয়ের উপসচিব (কারিগরি) মোঃ দেলোয়ার হোসেন। তার রিপোর্টটি পরিচালক আতাহার আলী দেওয়ানের বিরুদ্ধে যায়। উক্ত রিপোর্ট অনুযায়ী কোনো ব্যবস্থাপত্র না করে অজ্ঞাত কারণে পুনরায় তদন্তের নির্দেশ দেওয়া হয়। উক্ত নির্দেশ অনুযায়ী গত ১১ জানুয়ারি মন্ত্রণালয়ের উপসচিব (মাধ্যমিক) মোঃ আতোয়ার রহমান পুনরায় বিষয়টি তদন্ত করেন। তিনি এখনো রিপোর্ট দেননি বলে জানা গেছে।

এদিকে, কর্মকর্তা-কর্মচারীদের আন্দোলন নিয়ন্ত্রণ করতে পরিচালক ইতিমধ্যেই অধিদপ্তরের ১৩ জন কর্মকর্তাকে অন্যত্র বদলি এবং ৫ জন কর্মচারীকে সাময়িকভাবে বরখাস্ত করেছেন।

প্রায় আড়াই মাস ধরে এই অধিদপ্তরের সকল কাজকর্ম বন্ধ থাকায় দেশের বেসরকারি বিদ্যালয়গুলোর অডিট ও নিরীক্ষা বিঘ্নিত হচ্ছে। এমনিতেই এই অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীর সংখ্যা স্কুলের সংখ্যার তুলনায় অনেক কম। ফলে স্বল্প জনশক্তি নিয়ে দেশের প্রায় ২৩ হাজার বেসরকারি স্কুল পরিদর্শন শেষ করতে প্রায় এক যুগ পার হয়ে যায়। অচলাবস্থার কারণে পরিদর্শন ও নীরিক্ষার কাজ আরো বিঘ্নিত হচ্ছে।

বর্তমানে অধিদপ্তরে ৩০ জন পরিদর্শন কর্মকর্তা, ১১ জন অডিটর এবং ৭৫ জন তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারী রয়েছে।